# লাইটহাউস শিক্ষা বৃত্তি পরীক্ষা-২০২৬

## পরিচালনায় ঃ লাইটহাউস এডুকেশন সাপোর্ট সেন্টার

**www.lighthouseesc.org**

**কেন্দ্রীয় কার্যালয় ঃ সল্টগোলা রেল ক্রসিং, তক্তারপুল, ইপিজেড থানা সংলগ্ন,** ওয়ার্ড ঃ ৩৯, **নিউমুরিং, বন্দর, চট্টগ্রাম**

## থীম ঃ অন্ধকারে বিশ্বস্থ সহযোগী

---

"লাইটহাউস এডুকেশন সাপোর্ট সেন্টার" একটি সামাজিক, শিক্ষা ও সেবামূলক প্রতিষ্ঠান। সমাজে অবহেলিত ও বঞ্চিত শিশু কিশোরসহ দরিদ্র শিক্ষার্থীদের মানবিক সহায়তার লক্ষ্যে কাজ করে প্রতিষ্ঠানটি। কোমলমতি শিক্ষার্থীদের শিক্ষার গুণগত মান ও সুস্থ প্রতিযোগিতার মাধ্যমে প্রকৃত মেধা বিকাশের লক্ষ্যেই **লাইটহাউস শিক্ষা বৃত্তি পরীক্ষার** আয়োজন করা হয়েছে। সমাজে দরিদ্র  কিন্তু মেধাবী এমন শিক্ষার্থীদেরকে শিক্ষাক্ষেত্রে শিক্ষা বৃত্তির মাধ্যমে সহায়তা করা হবে।

## বৃত্তি পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা ঃ

১) ২০২৬ সালের লাইটহাউস শিক্ষা বৃত্তি পরীক্ষা প্রথম শ্রেণি থেকে নবম শ্রেণি (বাংলা ও ইংলিশ মিডিয়ামসহ) পর্যন্ত যে কোন সরকারি, বেসরকারি স্কুল, মাদ্রাসা ও সমমান প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করতে পারবে।

২) বাংলা ও ইংলিশ মিডিয়ামের বৃত্তি পরীক্ষা নির্ধারিত সিলেবাস অনুসারে অনুষ্ঠিত হবে।

৩) লাইটহাউস শিক্ষা বৃত্তি পরীক্ষা পরিচালনার জন্য পরীক্ষা নিয়ন্ত্রকের আহবানে একটি "বৃত্তি পরিচালনা কমিটি" গঠন করা হবে। বৃত্তি পরীক্ষা পরিচালনা কমিটির সিদ্ধান্তই সব সময় চুড়ান্ত সিদ্ধান্ত বলে পরিগণিত হবে। সর্বোপরি পরীক্ষা নিয়ন্ত্রকের সিদ্ধান্ত অনুসারে বৃত্তি পরিচালনার যাবতীয় বিধি পরিচালিত হবে।

৪) বৃত্তি পরীক্ষা বিভিন্ন জেলা/থানা পর্যায়ে অনুষ্ঠিত হবে। তবে প্রত্যেক কেন্দ্রে কমপক্ষে ৩০০ (তিনশত) জন পরীক্ষার্থী হওয়া বাঞ্চনীয়। জেলা ও উপজেলা/থানাার সমস্ত পরীক্ষার কেন্দ্র "লাইটহাউস শিক্ষা বৃত্তি পরীক্ষার কেন্দ্রীয় কমিটি"- এর অধীনে পরিচালিত ও নিয়ন্ত্রিত হবে। কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন বৃত্তি পরীক্ষার কেন্দ্রীয় কমিটি কর্তৃক মনোনীত ব্যক্তি।

৫) (ক) সকল শ্রেণিতে **১** দিনেই লাইটহাউস শিক্ষা বৃত্তি পরীক্ষা-২০২৬ অনুষ্ঠিত হবে।

(খ) শ্রেণিভেদে বাংলা, ইংরেজী, গণিত ও সাধারণ জ্ঞান/বিজ্ঞান বিষয়ের উপর ৩ঘন্টা ব্যাপী ১০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(গ) শ্রেণিভিত্তিক বৃত্তি পরীক্ষায় অনুষ্ঠিত বিষয়ের মানবন্টন নিম্নরূপ ঃ

**১ম শ্রেণি থেকে ২য় শ্রেণি পর্যন্ত ঃ**

বাংলা-২৫ নম্বর, ইংরেজী-২৫ নম্বর, গণিত-৩০ নম্বর, সাধারণ জ্ঞান-২০ নম্বর

**৩য় শ্রেণি থেকে ৮ম শ্রেণি পর্যন্ত ঃ**

বাংলা-২৫ নম্বর, ইংরেজী-২৫ নম্বর, গণিত-৩০ নম্বর, বিজ্ঞান-২০ নম্বর

**৯ম শ্রেণি ঃ**

বাংলা-৩০ নম্বর, ইংরেজী-৩০ নম্বর, গণিত-৪০ নম্বর

**জ্ঞাতব্য বিষয় ঃ প্রত্যেক শ্রেণির বৃত্তি পরীক্ষার সিলেবাস লাইটহাউসের ওয়েবসাইটে (www.lighthouseesc.org) পাওয়া যাবে।**

৬) লাইটহাউস শিক্ষা বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণকারী প্রতিজন পরীক্ষার্থীর পরীক্ষা ফি ৩০০/-(তিনশত) টাকা।

৭) (ক) বৃত্তি পরীক্ষার নির্ধারিত ফি সহ পরীক্ষার্থীর আবেদন ফরম আগামী ৩০/১০/২০২৬খ্রিঃ তারিখের মধ্যে জেলা কো-অর্ডিনেটর/থানা কো-অর্ডিনেটর/মনোনীত শিক্ষকদের নিকট জমা দিতে হবে। বৃত্তি পরীক্ষার **নির্ধারিত ফি** অনলাইনেও জমা করতে পারবেন এব্ং জমাদানের বিস্তারিত **পদ্ধতি ওয়েবসাইটে (www.lighthouseesc.org) -**এ রয়েছে।

(খ) জেলা কো-অর্ডিনেটর/থানা কো-অর্ডিনেটরগণ সংশ্লিষ্ট জেলা/থানার সকল পরীক্ষার্থীর আবেদন ফরম ও পরীক্ষার ফি আগামী ৫/১১/২০২৬খ্রিঃ তারিখের মধ্যে কুরিয়ার/হাতে হাতে/ডাকযোগে **"অর্থ ও রেজিষ্ট্রেশন সম্পাদক"**- এর নিকট পৌঁছাবেন।

৮) (ক) লাইটহাউস শিক্ষা বৃত্তি পরীক্ষা-২০২৬ আগামী ২৪/১২/২০২৬ খ্রিঃ (সম্ভাব্য) তারিখে অনুষ্ঠিত হবে।

(খ) প্রত্যেক পরীক্ষার্থীকে আগামী ৫/১২/২০২৬খ্রিঃ তারিখ থেকে ১৫/১২/২০২৬খ্রিঃ পর্যন্ত **লাইটহাউসের ওয়েবসাইট (www.lighthouseesc.org)** থেকে **"প্রবেশ পত্র "** ডাউনলোড পূর্বক **কালার প্রিন্ট** করে নিতে হবে। লাইটহাউস থেকে প্রবেশ পত্রের আলাদা কোন **হার্ড কপি** ইস্যু করা হবে না। প্রবেশ পত্রের ব্যাপারে কোন সমস্যা হলে জেলা কো-অর্ডিনেটর/থানা কো-অর্ডিনেটরগণের সাথে প্রয়োজনে সরাসরি যোগাযোগ করতে পারবেন। **প্রবেশ পত্রে বৃত্তি পরীক্ষার সময়সূচী এবং পরীক্ষার কেন্দ্র উল্লেখ থাকবে।**

৯) শুধুমাত্র ১ম, ২য় এবং ৩য় শ্রেণি পর্যন্ত ছাত্র/ছাত্রীরা পেন্সিল দ্বারা উত্তর করতে পারবে।

১০) (ক) প্রত্যেক শ্রেণিতে গ্রেডিং পদ্ধতির মাধ্যমে ফলাফল প্রকাশ করা হবে।

(খ) জেলা ভিত্তিক প্রত্যেক শ্রেণিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত (৯১% থেকে ১০০% নম্বরের মধ্যে হতে হবে যাহা **Golden A$^+$**) প্রথম ০৩ জনকে (১ম, ২য় এবং ৩য় স্থান অর্জনকারী) **টপ মেডেলিষ্ট (TOP MADELIST)** হিসেবে **শিক্ষা বৃত্তি (প্রাইজ মানি), ক্রেষ্ট, মেডেল, সার্টিফিকেটসহ বিশেষভাবে পুরস্কৃত** করা হবে। এছাড়াও **Golden A$^+$** (৯১% থেকে ১০০% নম্বর) প্রাপ্ত অন্যান্য সকল ছাত্র/ছাত্রীকে **ক্রেষ্ট, মেডেল, সার্টিফিকেটসহ আকর্ষণীয় পুরস্কার** প্রদান করা হবে।

(গ) প্রত্যেক শ্রেণিতে **Grade A$^+$** (৮০% থেকে ৯০% নম্বর) প্রাপ্ত প্রত্যেক ছাত্র/ছাত্রীকে **ক্রেষ্ট, পুরস্কার** এবং **সার্টিফিকেট** প্রদান করা হবে।

(ঘ) প্রত্যেক শ্রেণিতে **Grade A** (৭০% থেকে ৭৯% নম্বর) প্রাপ্ত প্রত্যেক ছাত্র/ছাত্রীকে **ক্রেষ্ট ও সার্টিফিকেট** প্রদান করা হবে।

(ঙ) প্রত্যেক শ্রেণিতে সাধারণ **Grade G** (৬০% থেকে ৬৯% নম্বর) অর্জনকারী প্রত্যেক ছাত্র/ছাত্রীকে শুধুমাত্র **সার্টিফিকেট** প্রদান করা হবে।

**(চ) শতকরা হারে সর্বোচ্চ বৃত্তি প্রাপ্ত প্রতিষ্ঠানের প্রধান/পরিচালককে ক্রেষ্ট এবং সার্টিফিকেট প্রদান করা হবে।**

১১) স্কুল প্রধানসহ দুইজন শিক্ষক/শিক্ষিকা পরিদর্শকদের দায়িত্ব পালন করতে পারবেন। এক্ষেত্রে আগ্রহী পরিদর্শককে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে পরিদর্শকের নাম, পদবী, মোবাইল নং, উল্লেখপূর্বক ২ কপি ছবিসহ আবেদনপত্র আগামী ২৫/১০/২০২৬খ্রিঃ তারিখের মধ্যে জেলা কো-অর্ডিনেটর/থানা কো-অর্ডিনেটর/মনোনীত ব্যক্তির নিকট জমা দিতে হবে।

১২) বৃত্তির পরীক্ষায় মনোনীত সকল মূল্যায়নকারী/পরিদর্শকগকে বৃত্তি পরীক্ষার ১০ দিন পূর্বে **লাইটহাউসের ওয়েবসাইট (www.lighthouseesc.org) থেকে "পরিদর্শক কার্ড" ডাউনলোড করে কালার প্রিন্ট করে নিতে হবে।** দায়িত্বপ্রাপ্ত সকল মূল্যায়নকারী/পরিদর্শকগণকে পরীক্ষার দিন **সকাল ৯ ঘটিকায় কেন্দ্র সচিবের** নিকট রিপোর্ট করতে হবে।

১৩) পরীক্ষা চলাকালীন এমন কোন শিক্ষক/শিক্ষিকা পরিদর্শক/মূল্যায়নকারী হতে পারবেন না যেখানে তাঁদের স্কুলের ছাত্র-ছাত্রী রয়েছে।

১৪) বৃত্তি পরীক্ষার খাতা মূল্যায়নের পূর্বে কোর্ডিং করা হবে। এর ফলে খাতা মূল্যায়নে নিরপেক্ষতা নিশ্চিত হবে।

১৫) কোন বিদ্যালয় কর্তৃপক্ষ/অভিভাবক উত্তরপত্র দেখতে চাইলে ফলাফল প্রকাশের **২০ দিনের মধ্যে** পরীক্ষা নিয়ন্ত্রকের বরাবরে ৫০০/-(পাঁচশত) টাকা ফি প্রদান পূর্বক আবেদন করতে হবে।

**১৬)** লাইটহাউস শিক্ষা বৃত্তি পরীক্ষার ফলাফল পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ২(দুই) মাসের মধ্যে লাইটহাউসের ওয়েবসাইটে (www.lighthouseesc.org) প্রকাশ করা হবে। ফলাফল স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানে/জেলা কো-অর্ডিনেটর/থানা কো-অর্ডিনেটরগণের এর নিকট প্রেরণ করা হবে। এছাড়াও বৃত্তিপ্রাপ্ত সকল ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের মোবাইলে MESSAGE- এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

১৭) ক) ফলাফল প্রকাশের ২(দুই) মাসের মধ্যে পুরস্কার বিতরণী অনুষ্ঠান চট্টগ্রামে অফলাইনে/অনলাইনে অুষ্ঠিত হবে। পুরস্কার বিতরণী অনুষ্ঠানের পদ্ধতি এবং তারিখ যথাসময়ে বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের মোবাইলে MESSAGE- এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। লাইটহাউসের ওয়েবসাইটেও (www.lighthouseesc.org) প্রকাশ করা হবে। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রত্যেক শ্রেণির শুধুমাত্র প্রথম ০৩ জন (১ম, ২য় এবং ৩য় স্থান অর্জনকারী) **টপ মেডেলিষ্ট (TOP MADELIST)**-কে **শিক্ষা বৃত্তি (প্রাইজ মানি), ক্রেষ্ট, মেডেল, পুরস্কার এবং সার্টিফিকেট** প্রদান করা হবে।

খ) চট্টগ্রামে অফলাইনে পুরস্কার বিতরণী অনুষ্ঠান হলে সেক্ষেত্রে যে কেউ সরাসবি অংশগ্রহণ করতে পারবেন। তবে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সকলের উপস্থিতি বাধ্যতামূলক নয়। চট্টগ্রাম জেলার বাহিরে **Golden A$^+$** প্রাপ্তদের **শিক্ষা বৃত্তি (প্রাইজ মানি), ক্রেষ্ট, পুরস্কার, মেডেল ও সার্টিফিকেট এবং অন্যান্য সকলের ক্রেষ্ট, পুরস্কার, মেডেল, সার্টিফিকেটসহ যাবতীয় গিফট** স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানে/মনোনীত প্রতিনিধির নিকট কুরিয়ার/ডাকযোগে প্রেরণ করা হবে।

গ) চট্টগ্রামে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য লাইটহাউস কর্তৃপক্ষ কর্তৃক কাউকে যাতায়াত ভাতা/টি.এ/ডি.এ প্রদান করা হবে না। শিক্ষা প্রতিষ্ঠান ইচ্ছা করলে স্কুলের ফান্ড থেকে বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীসহ শিক্ষককে প্রকৃত যাতায়াত ভাতা প্রদান করতে পারবেন। এর ফলে ঐ প্রতিষ্ঠানের বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীরা উৎসাহিত হবে এবং প্রতিষ্ঠানের সুনাম আরো ছড়িয়ে পড়বে বলে আমাদের বিশ্বাস।

**১৮) লাইটহাউস শিক্ষা বৃত্তি পরীক্ষায় দায়িত্বপ্রাপ্ত এবং পরিচালনা বিভাগের সংশ্লিষ্ট সকলকে সম্মানী ভাতা প্রদান করা হবে।**

**লাইটহাউস শিক্ষা বৃত্তি পরীক্ষা সংক্রান্ত উপরোক্ত যেকোন নিয়মাবলী পরবর্তীতে পরিবর্তন, বিয়োজন, এমনকি ভবিষ্যতে নতুন ধারা সংযোজন করার ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**